

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৯০

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ওয়কারীর ব্যক্তির বৈধ রয়েছে ওয়ূর কিছু অঙ্গ জোড় সংখ্যায় আবার কিছু অঙ্গকে বেজোড় সংখ্যায় ধৌত করা

ذِكْرُ إِبَاحَةِ غَسْلِ الْمُتَوَضِيِّ بَعْضَ أَعْضَائِهِ شَفْعًا وَبَعْضَهَا وِتْرًا فِي وُضُوئِهِ

আরবী

1090 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا صَالِحُ بْنُ مَالِكٍ الْخُوَارِزْمِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنِ زَيْدٍ قَالَ: الْعُزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي سَلَمَةَ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَنَا فِي الْبَيْتِ فَدَعَا بِوَضَنُوءٍ فَأَتَيْنَاهُ بِتَوْرٍ مِنْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَنَا فِي الْبَيْتِ فَدَعَا بِوَضَنُوءٍ فَأَتَيْنَاهُ بِتَوْرٍ مِنْ صَنُفْرٍ فِيهِ مَاءٌ فَتَوَضَّا وَغَسَلَ وَجْهَهُ تَلَاثًا وَغَسَلَ يَدَيْهِ مَرَّتَيْنِ وَمَسَحَ رَأْسَهُ فَأَقْبَلَ بِيَدَيْهِ وَأَدْبَرَ وَغَسَلَ رَجْلَيْهِ.

الراوي: عَبْد اللَّهِ بْن زَيْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1090 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০৯০. আব্দুল্লাহ বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের বাড়িতে আমাদের কাছে ছিলেন। তিনি ওযূর পানি আনতে বললেন, ফলে আমরা তাঁর কাছে পিতলের একটি পাত্রে পানি নিয়ে আসলাম। অতঃপর তিনি ওয়ু করলেন; তিনি তাঁর মুখ ধৌত করলেন তিনবার, তাঁর দুই হাত ধৌত করেন দুইবার, মাথা মাসেহ করেন; তিনি তাঁর হাত দুটিকে মাথার সম্মুখভাগ থেকে পিছনে নেন এবং পিছনে থেকে সম্মুখভাগে নিয়ে আসেন এবং তিনি তাঁর দুই পা ধৌত করেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৪০; সহীহ বুখারী: ১৯৭; দারেমী: ১/১৭৭; সহীহ বুখারী: ১৮৬; সহীহ মুসলিম: ২৩৫; সুনান বাইহাকী: ১/৫০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮; তিরমিযী: ৪৭; নাসাঈ: ১/৭২; দারাকুতনী: ১/৮১;



সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৬: মুসনাদ আহমাদ: ৪/৩৯; আবূ দাউদ: ১১৯; দারেমী: ১/১৭৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ২২৪; আত তায়ালিসী: ১/৫১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন